

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৩১

১২, কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সুন্নাত অনুসরণে রমযানে মুসলিমদের উপর অনুগ্রহ ও দান করা মুস্তাহাব

ذِكْرُ اسْتِحْبَابِ الْجُودِ وَالْإِفْضَالِ عَلَى الْمُسْلِمِينَ بِالْعَطَايَا فِي رَمَضَانَ اسْتِنَانًا بِالْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم

আরবী

3431 ـ أخبرنا يوسف بن يعقوب المقرىء بِوَاسِطَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ خَالِدِ بْنِ عَبْدِ اللَّهِ اللَّهِ الطَّحَّانُ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ سَعْدِ عَنِ الزُّهْرِيِّ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ الله عَنِ ابْنِ عَبَّاسٍ الطَّحَّانُ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ سَعْدِ عَنِ الزُّهْرِيِّ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ الله عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَجْوَدَ النَّاسِ بِالْخَيْرِ وَكَانَ أَجْوَدَ مَا يَكُونُ فَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَمْ أَجْوَدَ النَّاسِ بِالْخَيْرِ وَكَانَ أَجْوِدَ مَا يَكُونُ فِي كُلِّ لَيْلَةٍ مِنْ رَمَضَانَ حَتَّى يَنْسَلِخَ يَعْرِضُ عَلَيْهِ وَسَلَم أَجُود بالخير من الريح عَلَيْهِ الْقُرْآنَ فَإِذَا لَقِيَهُ جِبْرِيلُ كَانَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم أَجود بالخير من الريح المرسلة

الراوي: ابْن عَبَّاسٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3431 ا خلاصة حكم المحدث: صحيح لغيره.

বাংলা

৩৪৩১. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মানুষের মাঝে সবচেয়ে বেশি দানশীল ছিলেন। আর তিনি রমযান মাসে আরো বেশি দান করতেন। জিবরীল আলাইহিস সালাম রমযান শেষ না হওয়া পর্যন্ত প্রত্যেক রাতে তাঁর সাথে সাক্ষাত করে তাঁর কাছে কুরআন উপস্থাপন করতেন। যখন জিবরীল আলাইহিস সালাম তাঁর সাথে সাক্ষাত করতেন, তখন তিনি অবাধ বায়ুর চেয়ে বেশি দান করতেন।"[1]

ফুটনোট



[1] মুসনাদ আহমাদ: ২/৩৬৩; সহীহুল বুখারী: ১৯০২; সহীহ মুসলিম: ২৩০৮; শামাইলে তিরমিযী: ৩৪৬; সহীহ ইবনু খুয়াইমাহ: ১৮৮৯; সুনানবাইহাকী: ৪/৩২৬; সহীহ মুসলিম: ২৩০৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সমার্থক বর্ণনা থাকার কারণে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৪৩১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন